গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-১৭৭

তারিখঃ ১৪/০৬/২০১৭ খ্রিঃ
সময়ঃ বিকাল ৪.৩০ ঘটিকা।

**বিষয়ঃ চট্টগ্রাম, রাংগামাটি, বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড় ধস ও পাহাড়ী ঢলে মৃত ও আহত লোকের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণের বিশেষ প্রতিবেদন।**

জেলা প্রশাসন থেকে টেলিফোনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অতি বৃষ্টিজনিত পাহাড় ধস ও পাহাড়ী ঢলে রাংগামাটি, চট্টগ্রাম, বান্দরবান ও কক্সবাজার জেলায় মৃত ও আহতদের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরনের বিশেষ প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হল।

**সংযুক্তিঃ- বর্ণিত বিশেষ প্রতিবেদন ১ পাতা।**

**স্বাক্ষরিত/১৪.৬.১৭**
**(জি, এম আব্দুল কাদের)**
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য/সিপিপি ও এনডিআরসিসি ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধসহ।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম সচিব (প্রশাঃ/ সেবা /দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধসহ।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার(NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ চট্টগ্রাম, রাংগামাটি, বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড় ধস ও পাহাড়ী ঢলে মৃত ও আহত লোকের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণের বিশেষ প্রতিবেদন।**

১। **রাংগামাটিঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা রাংগামাটি টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে জেলায় পাহাড় ধসে মোট ১০৪ জনের লাশ উদ্ধার করা হয়েছে (সদর উপজেলায় ৫৭ জন, কাউখালী ২৩ জন, কাপ্তাই ১৮ জন, জুরাইছড়ি ৪ জন এবং বিলাইছড়ি উপজেলায় ২ জন)। এর মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর সদস্য রয়েছে ৪ (চার) জন (অফিসার মেজর মোঃ মাফুজ ও ক্যাপ্টেন মোঃ তানভীর আহমেদ এবং ২ জন সৈনিক)। তাঁরা সদর উপজেলার ক্ষতিগ্রস্ত রাস্তা পরিস্কার করতে গিয়ে মারা যান। মোট ২০০ জন লোক আহত হয়েছে। এর মধ্যে ৭৭জনকে হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস উদ্ধার কাজ পরিচালনা করছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ৪১,২৩,০০০/-জি আর ক্যাশ এবং ৩৮৮ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। জেলায় ১০টি আশ্রয় কেন্দ্রে মোট ৮০০ জন লোক আশ্রয় নিয়েছে। জেলা প্রশাসন থেকে তাদেরকে খাদ্য ও পানীয় সরবরাহ করা হচ্ছে।

২। **চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা চট্টগ্রাম টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে পাহাড় ধসে রাংগুনিয়া উপজেলায় ২২ জন এবং পাহাড়ী ঢলের কারণে ৫ জন মোট ২৭ জন, চন্দনাইশ উপজেলায় পাহাড় ধসে-৪ জন, রাউজানে পাহাড় ধসে ২ জন, বাঁশখালী উপজেলায় ঘর চাপা পড়ে ১ জন, চট্টগ্রাম মহানগরীতে ঘর চাপা পড়ে ১ জন, ফটিকছড়িতে পাহাড় ধসে ১ জনসহ মোট ৩৬ জন লোক মারা যায়। এর মধ্যে শুধুমাত্র পাহাড় ধসে মারা যায় ২৯ জন। এ ছাড়া রাংগুনিয়ায় ৫ জন, চন্দনাইশ ২ জন, রাউজান ৩ জন, বাশখালী উপজেলায় ২ জন এবং চট্টগ্রাম মহানগরীতে ৫ জনসহ মোট ১৭ জন লোক আহত হয়। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস উদ্ধার কাজ পরিচালনা করছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ১৫,২৪,০০০/-জি আর ক্যাশ এবং ২৮৮ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। বিভিন্ন আশ্রয়কেন্দ্রে মোট ৩০০০ লোক আশ্রয় নিয়েছে।

৩। **বান্দরবানঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বান্দরবান টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে সদর উপজেলায় পাহাড় ধসে ৬ জন লোক মারা যায় এবং ৩ জন আহত হয়। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস উদ্ধার কাজ পরিচালনা করছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ৫,০০,০০০/-জি আর ক্যাশ এবং ১৭৫ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। ১২টি আশ্রয়কেন্দ্রে মোট ২২০০ লোক আশ্রয় নিয়েছে।

৪। কক্সবাজারঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বান্দরবান টেলিফোনে জানান যে, গত ১২.৬.২০১৭ তারিখ হতে অতিবৃষ্টির কারণে আজ ১৪/৬/২০১৭খ্রিঃ তারিখে টেকনাফ উপজেলায় পাহাড় ধসে ২ জন লোক মৃত্যু বরণ করেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল প্রদান করা হচ্ছে। উদ্ধার কার্যক্রম চলছে।

৫। খাগড়াছড়িঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা খাগড়াছড়ি টেলিফোনে জানান যে, গত ১২.৬.২০১৭ তারিখে হতে অতিবৃষ্টির কারণে গতকাল ১৩/৬/২০১৭খ্রিঃ তারিখ লক্ষীছড়ি উপজেলায় পাহাড় ধসে ১ জন লোক মৃত্যু বরণ করেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল প্রদান করা হচ্ছে।

**পাহাড় ধসে ৫ জেলায় মোট মৃতের সংখ্যা= ১৪২ জন (রাংগামাটি ১০৪ জন, চট্টগ্রাম ২৯ জন, বান্দরবান ০৬ জন, কক্সবাজার ০২ জন ও খাগড়াছড়ি ০১ জন)।**

**পাহাড় ধসসহ অন্যান্য কারণে ৫ জেলায় মোট মৃতের সংখ্যা= ১৪৯ জন।**

**বরাদ্দঃ**
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে তিন পার্বত্য জেলা রাংগামাটি, চট্টগ্রাম ও বান্দরবান এর জন্য সর্ব মোট ৬১,৪৭,০০০/- টাকা জি আর ক্যাশ এবং ৮৫১ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে।

**স্বাক্ষরিত/১৪.৬.১৭**
**(জি, এম আব্দুল কাদের)**
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০।** **Email:** ndrcc@modmr.gov.bd/ drcc.dmrd@gmail.com
**হট লাইনঃ ০১৯৩৭-১৬৩৫৮২, ০১৭১১-১৬১৯২৬, ০১৫৩৬-২৩৯২৬০, মোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (এনডিআরসিসি) ০১৭৩৭-২৫০৮৮৮,